গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(www.mochta.gov.bd)

বিষয়ঃ **পার্বত্য মেলা আয়োজন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোসাম্মৎ হামিদা বেগম<br>সচিব<br>পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় |
| সভার স্থান | : | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ (ভবন নম্বর-০৪, ৭ম তলা, কক্ষ নম্বর-৬১৯) |
| সভার তারিখ ও সময় | : | ১০/১১/২০২১ খ্রিঃ; সকাল ১১.০০ টা |
| সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, গত ০৩/১০/২০২১ তারিখে পার্বত্য মেলা আয়োজন উপলক্ষ্যে একটি প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় পার্বত্য মেলা আয়োজন, স্টল নির্মাণ ও বরাদ্দ, উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন, মেলায় সার্বক্ষণিক নিরাপত্তা ব্যবস্থা, অর্থ সংস্থান ও ব্যয় নির্বাহ এবং পার্বত্য মেলা আয়োজন উপলক্ষ্যে বিভিন্ন কমিটি গঠনের বিষয়ে আলোচনা হয়। সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী সভায় উপস্থিত সকল-কে পার্বত্য মেলা আয়োজনের বিষযে মতামত দেয়ার জন্য অনুরোধ জানান। মেলাটি যেহেতু তিন পার্বত্য জেলাকে Promote করার উদ্দেশ্যে আয়োজন করা হবে সেহেতু তিন পার্বত্য জেলা থেকে যারা মেলা করতে আসবেন তাদেরকে গুরুত্ব দিয়ে স্টল বরাদ্দ প্রদান এবং মেলার আইন-শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপস্থিত কর্মকর্তাবৃন্দ সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। সভায় উপস্থিত পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বিষয়গুলো গুরুত্ব সহকারে শোনেন এবং উক্ত বিষয়ে মন্ত্রণালয় হতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে আশ্বাস প্রদান করেন। সভায় পার্বত্য মেলা আয়োজন উপলক্ষ্যে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব/বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১। | **পার্বত্য মেলার আয়োজন, স্টল নির্মাণ ও বরাদ্দ, উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন:** পার্বত্য মেলা আয়োজন উপলক্ষ্যে পার্বত্য অঞ্চলের কৃষ্টি, সংস্কৃতি ও বিশেষায়িত পণ্যের প্রচার ও প্রসারের উদ্দেশ্য নিয়ে আগামী জানুয়ারি মাসে ঢাকার বেইলি রোডে শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্সে ০৪ (চার) দিনব্যাপী মেলা আয়োজন এর বিষয়ে আলোচনা হয়। মেলার মূল উপকরণ হবে তিন পার্বত্য এলাকায় উৎপাদিত পণ্য, কুটির শিল্প, ঐ এলাকার খাবার, পোশাক ইত্যাদি। পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্সে অনুষ্ঠেয় মেলায় স্টল বরাদ্দের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | (ক) আগামী ০৫-০৮ জানুয়ারি ২০২২ তারিখ পর্যন্ত ০৪ (চার) দিনব্যাপী ঢাকার বেইলি রোডে শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্সে পার্বত্য মেলা আয়োজন করা হবে এবং মেলায় ১০০ টি স্টল (কম/বেশি) তৈরি করা হবে।<br>(খ) আগামী ০৫ জানুয়ারি ২০২২ মেলার শুরু দিন বেলা ০৩.০০ টায় উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।<br>(গ) প্রতিটি স্টলের ভাড়া ব্যক্তি পর্যায়ে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং প্রাতিষ্ঠানিক পর্যায়ে ১০,০০০/- (দশ হাজার) টাকা নির্ধারণ করা হয়। তবে অর্থ সহায়তাকারী উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানকে বিনা ভাড়ায় ১টি স্টল প্রদান করা হবে এবং একাধিক স্টল বরাদ্দ চাইলে নির্ধারিত টাকা পরিশোধ করতে হবে। এছাড়া বরাদ্দ গ্রহীতাদের/প্রতিষ্ঠান-কে মেলার স্টল হস্তান্তরের নিমিত্ত নির্দিষ্ট শর্ত উল্লেখপূর্বক পত্র প্রেরণ করতে হবে এবং বরাদ্দ গ্রহীতা তার স্টল নিজ খরচে সজ্জিত করবেন।<br>(ঘ) মেলায় স্টল বরাদ্দের বিষয়ে মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহ, উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | অনুষ্ঠান আয়োজন, স্টল নির্মাণ ও বরাদ্দ উপকমিটির সদস্যবৃন্দ। |

| | | | |
|---|---|---|---|
| ০১। | | এবং আগ্রহী প্রতিষ্ঠানের সাথে আলোচনা করে স্টলের সংখ্যা নির্ধারণ করতে হবে। অনুষ্ঠান আয়োজন, স্টল নির্মাণ ও বরাদ্দ উপকমিটির সদস্যবৃন্দ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>(ঙ) বরাদ্দকৃত স্টলের প্রতিষ্ঠান/ব্যক্তির অনুকূলে বরাদ্দপত্র যথাশীঘ্র প্রদান করতে হবে এবং উক্ত পত্রে স্টলের অভ্যন্তরীণ সাজ-সজ্জা নিজ দায়িত্বে করার জন্য পত্র প্রেরণ করতে হবে।<br>(চ) মেলায় অংশগ্রহণ করার লক্ষ্যে তিন পার্বত্য জেলার উৎপন্ন সামগ্রী এখন থেকে প্রস্তুত করে রাখার জন্য তিন পার্বত্য জেলা পরিষদ ও পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডকে পত্র দিতে হবে।<br>(ছ) বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা উপকমিটি পার্বত্য মেলা আয়োজন সংক্রান্ত বাজেট প্রস্তুত করে সভাপতির নিকট দাখিল করবেন।<br>(জ) মেলার উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে এ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী উপস্থিত থাকবেন এবং অন্যান্য অতিথিবৃন্দকে আমন্ত্রণ জানাতে হবে।<br>(ঝ) মেলা চলাকালীন দিবসসমূহের অনুষ্ঠানে আমন্ত্রিত প্রধান অতিথি, বিশেষ অতিথি ও অন্যান্য অতিথিবর্গকে যথাযথভাবে অভ্যর্থনা জ্ঞাপন ও আপ্যায়নসহ সংশ্লিষ্ট কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(ঞ) উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহ, উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানসমূহকে দাওয়াত দিতে হবে।<br>(ট) স্টল বরাদ্দ হতে প্রাপ্ত টাকা আপ্যায়ন ও আনুষাঙ্গিক খরচের কাজে নির্বাহ করা হবে। | |
| ০২। | **<u>মেলায় সার্বক্ষণিক নিরাপত্তার ব্যবস্থা করা:</u>**<br>মেলায় সার্বক্ষণিক নিরাপত্তা ব্যবস্থা নিয়ে আলোচনা হয়। পুলিশের একটি মোবাইল টিমকে মেলার সার্বক্ষণিক নিরাপত্তায় নিয়োজিত রাখার জন্য মেট্রোপলিটন পুলিশকে পত্র দিতে হবে মর্মে সভায় আলোচনা হয়। এছাড়া মেলা প্রাঙ্গন ও আশে পাশে মেলা চলাকালীন প্রয়োজনীয় মহিলা পুলিশ মোতায়েনের জন্যও পত্র দিতে হবে মর্মে সভায় আলোচনা হয়। | মেলার আয়োজন ও এর আগে মঞ্চ ও স্টল নির্মাণ ও সজ্জা এবং অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের আনীত পণ্য সামগ্রী মজুদ রাখার স্বার্থে মেলাপ্রাঙ্গন, মেলা স্টলের আশে-পাশে টহল এবং সাংস্কৃতিক অনুষ্ঠানে সার্বক্ষণিক নিরাপত্তার ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় সংখ্যক পুলিশ/মহিলা পুলিশ ফোর্স নিয়োগ, আর্চওয়ে স্থাপনের বিষয়ে পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ বরাবর পত্র প্রেরণ করতে হবে এবং অনুলিপি উপ পুলিশ কমিশনার, রমনা জোন বরাবর প্রেরণ করতে হবে।<br>এছাড়াও সার্বিক নিরাপত্তার লক্ষ্যে ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠানকে সিসিটিভি ক্যামেরার ব্যবস্থা করতে হবে। | ১। যুগ্ম সচিব (প্রশাসন)<br>২। উপসচিব (প্রশাসন-১) |
| ০৩। | **<u>সাংস্কৃতিক অনুষ্ঠান :</u>**<br>মেলায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের লক্ষ্যে রাঙ্গামাটি/বান্দরবান/খাগড়াছড়ি পার্বত্য জেলা হতে শিল্পী আনা-নেয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ০৪ দিন সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্যে ০১ দিন সম্মিলিতভাবে তিন পার্বত্য জেলা পারফর্ম করবে। বাকী ০৩ দিন বান্দরবান, রাঙ্গামাটি ও খাগড়াছড়ি পার্বত্য জেলার শিল্পীবৃন্দ সাংস্কৃতিক অনুষ্ঠান | ০৪ (চার) দিনব্যাপী মেলায় প্রতিদিন সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের লক্ষ্যে শিল্পী আনয়নের জন্য তিন পার্বত্য জেলা পরিষদ বরাবর পত্র দিতে হবে। তিন পার্বত্য জেলা পরিষদ সম্মিলিতভাবে ০১ দিন এবং তিন পার্বত্য জেলা পরিষদ পৃথকভাবে ০৩ দিন সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করবে। তিন জেলার শিল্পী একসাথে না এনে সিডিউল করে সে অনুযায়ী | ১। উপসচিব (প্রশাসন-১);<br>২। সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন উপকমিটি সদস্যবৃন্দ;<br>৩। মুখ্য নির্বাহী কর্মকর্ত, তিন পার্বত্য জেলা পরিষদ। |

| | | | |
|---|---|---|---|
| | আয়োজন করবে মর্মে সভায় উপস্থাপিত হয়। | শিল্পী ঢাকায় আনা, আবাসনের ব্যবস্থা করা, সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশনা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান শেষে আগে আসলে আগে যাবে ভিত্তিতে তাদের পাঠানোর ব্যবস্থা করতে হবে। **এ সংক্রান্ত যাবতীয় ব্যবস্থাপনাসহ সকল ব্যয় তিন পার্বত্য জেলা পরিষদ নির্বাহ করবে।** ১ম দিন বান্দরবান, খাগড়াছড়ি ও রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ সম্মিলিতভাবে, ২য় দিন বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, ৩য় দিন রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ এবং ৪র্থ দিন খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের শিল্পীবৃন্দ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করবে। | |
| ০৪। | **অর্থ সংস্থান ও ব্যয় নির্বাহ :**<br>মেলার খরচ নির্বাহের বিষয়টি নিয়ে সভায় আলোচনা হয়। কিভাবে এবং কোন কোন খাত হতে অর্থ সংস্থান করা হবে এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান কী পরিমাণ অনুদান প্রদান করবে এবং মেলা উপলক্ষে ক্রয়/সংগ্রহ কার্যক্রম কী প্রক্রিয়ায় হবে সে বিষয়ে আলোচনা হয়। | (ক) মেলার খরচ এর বিষয়ে কারিতাস-১,০০,০০০/-;পদক্ষেপ-১,০০,০০০/-;হেলেন কেলার-১,০০,০০০/-, মানুষের জন্য ফাউন্ডেশন ১,০০,০০০/-, ব্র্যাক ১,০০,০০০/- টাকা প্রদান করবেন মর্মে মতামত ব্যক্ত করা হয়।<br>(খ) বাংলাদেশ এ্যাডভেঞ্চার ক্লাব মেলার জন্য ১০০০ (এক হাজার) টি দাওয়াত পত্র তৈরি করে দিবেন মর্মে সভাকে জানান এবং অন্যান্য যাবতীয় (প্ল্যাকার্ড, ফেস্টুন, ব্যানার, ব্যাকড্রপ) এর ডিজাইন তৈরি করে দিবেন। যা নিম্নরূপ:<br>ব্যাকড্রপ-২টি-৪০´×১৫´, ফেস্টুন-৫০টি-৩´×৬´, ঝুলানো ড্রপ ব্যানার-২টি- ৮´×৪০´, ঝুলানো ড্রপ ব্যানার-২টি- ১০´×৬০´, সচিবালয় গেটে ডিসপ্লের জন্য ফেস্টুন-২টি- ৮´×১২´, ফেস্টুন (কমপ্লেক্সে ডিসপ্লের জন্য)-২০টি-৪´×৮´, স্টলের নাম সম্বলিত ব্যানার-৯০টি-৮´×৪´, এক্স স্ট্যান্ডসহ ফেস্টুন-৬টি।<br>(গ) এ্যাডভেঞ্চার ক্লাব কর্তৃক ৪(খ) অনুযায়ী ডিজাইন ও সংখ্যা মোতাবেক UNDP- প্ল্যাকার্ড, ফেস্টুন, ব্যানার, ব্যাকড্রপ এবং অন্যান্য উপকরণের নির্দিষ্ট মাপে ডিজিটাল প্রিন্ট করে দেওয়া হবে মর্মে সভায় অবহিত করেন।<br>(ঘ) মেলার জন্য পুরস্কার বাবদ বা অন্য কোন খাতে অর্থায়ন বা ব্যবস্থা গ্রহণের বিষয়ে FAO ও ILO এর প্রতিনিধি তাদের প্রতিষ্ঠানের সাথে আলোচনা করে সিদ্ধান্ত পরে জানাবেন মর্মে সভাকে অবহিত করেন।<br>(ঙ) অর্থ প্রদানকারী সংস্থা/প্রতিষ্ঠানসমূহকে নিম্নোক্ত ব্যাংক হিসাবে অর্থ প্রদান করতে হবে।<br>**হিসাবের নাম**- যুগ্ম সচিব (প্রশাসন), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।<br><br>**চলতি হিসাব নম্বর**- ৩৩০৩৫৫৮৮,<br>**ব্যাংক**-সোনালী ব্যাংক, রমনা কর্পোরেট শাখা, ঢাকা।<br><br>(চ) উল্লেখ্যপার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় , একটি বিশেষায়িত মন্ত্রণালয়। এ মন্ত্রণালয় পার্বত্য চট্টগ্রামের উন্নয়ন এবং পার্বত্য অঞ্চলের কৃষ্টি ও সংস্কৃতির বিকাশে কর্মসূচি গ্রহণ করে থাকে। এরই অংশ হিসেবে পার্বত্য মেলার আয়োজন করা হয়েছে।বাংলাদেশ অ্যাডভেঞ্চার ক্লাব বিগত ৫ বৎসর যাবৎ এ মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>২। অতিরিক্ত সচিব (উন্নয়ন)<br>৩। যুগ্ম সচিব (প্রশাসন);<br>৪। যুগ্মসচিব (উন্নয়ন);<br>৫। উপসচিব (প্রশাসন-১);<br>৬। উপসচিব (উন্নয়ন);<br>৭। উপসচিব (বাঃপ্রঃ-২) |

| | | | |
|---|---|---|---|
| | | পার্বত্য মেলাসহ পার্বত্য অঞ্চলের বিভিন্ন অনুষ্ঠানে ভেন্ডর/সহযোগী প্রতিষ্ঠান হিসেবে কাজ করে থাকে তাই তার অভিজ্ঞতা অনেক বেশি। এছাড়া মেলা আয়োজনের নির্ধারিত তারিখ অতি নিকটবর্তী হওয়ায় এবং পূর্ববর্তী কাজের মান ও অভিজ্ঞতার নিরিখে বাংলাদেশ অ্যাডভেঞ্চার ক্লাব এর মাধ্যমে কাজটি সম্পাদন করা যেতে পারে মর্মে সভায় একমত পোষণ করা হয়।<br>(ছ) মেলার সময় কম থাকায় যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য পিপিআর/২০০৮ এর ৭৬(১) এর (ট) বিধি মোতাবেক সরাসরি চুক্তি (direct contracting) এর আওতায় জরুরী পরিস্থিতি, প্রাকৃতিক দুর্যোগ বা সংকট মোকাবেলায় পণ্য, কার্য ও সেবা ক্রয়ের জন্য অনুন্নয়ন বাজেটে সীমিত দরপত্রের মাধ্যমে কার্যাদি সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে । | |
| ০৫। | **কমিটি গঠন:** পার্বত্য মেলা সুন্দর ও সুষ্ঠুভাবে উদযাপনের জন্য সার্বিক ব্যবস্থাপনা কমিটি ও বিভিন্ন উপকমিটি গঠনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আলোচনা শেষে ০৯ (নয়) টি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>**(১) সার্বিক ব্যবস্থাপনা কমিটিঃ**<br>• মাননীয় মন্ত্রী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় - উপদেষ্টা<br>• সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় - সভাপতি<br>• অতিরিক্ত সচিব (প্রশাসন) - সদস্য<br>• অতিরিক্ত সচিব (উন্নয়ন) - সদস্য<br>• অতিরিক্ত সচিব (সমন্বয়) - সদস্য<br>• যুগ্মসচিব (উন্নয়ন) - সদস্য<br>• উপসচিব (প্রশাসন-১) - সদস্য<br>• উপসচিব (উন্নয়ন) - সদস্য<br>• উপসচিব (পরিকল্পনা-১) - সদস্য<br>• উপসচিব (সমন্বয়-২) - সদস্য<br>• উপসচিব (বাজেট/প্রশাসন-২) - সদস্য<br>• উপসচিব (পরিষদ-২) - সদস্য<br>• উপসচিব (আইন) - সদস্য<br>• সিনিয়র সহকারী সচিব (পরিষদ-১) - সদস্য<br>• সিনিয়র সহকারী সচিব (সমন্বয়-১) - সদস্য<br>• হিসাব রক্ষণ কর্মকর্তা - সদস্য<br>• জনসংযোগ কর্মকর্তা - সদস্য<br>• সহকারী প্রোগ্রামার - সদস্য<br>• আইসিটি স্পেশালিস্ট - সদস্য<br>• বান্দরবান পার্বত্য জেলা পরিষদের প্রতিনিধি - সদস্য<br>• খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের প্রতিনিধি - সদস্য<br>• রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের প্রতিনিধি - সদস্য<br>• পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের প্রতিনিধি - সদস্য<br>• যুগ্মসচিব (প্রশাসন) - সদস্য সচিব<br><br>**কার্যপরিধিঃ**<br>ক) পার্বত্য মেলা আয়োজন সংক্রান্ত সার্বিক কার্যক্রম বাস্তবায়ন;<br>খ) উপ-কমিটি সমূহের কার্যক্রম তত্ত্বাবধান ও সময়ে সময়ে সভা আহ্বানের মাধ্যমে অগ্রগতি পর্যালোচনা;<br>গ) প্রয়োজনবোধে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের সঙ্গে সমন্বয় সাধন;<br>ঘ) কার্যপরিধিতে উল্লিখিত কাজের সাথে সংশ্লিষ্ট অন্যান্য বিবিধ কার্যক্রম। | |

**(২) অনুষ্ঠান আয়োজন, স্টল নির্মাণ ও বরাদ্দ উপকমিটিঃ**

| | | |
|---|---|---|
| • অতিরিক্ত সচিব (প্রশাসন) | - | সভাপতি |
| • উপসচিব (উন্নয়ন) | - | সদস্য |
| • উপসচিব (পরিকল্পনা-১) | - | সদস্য |
| • উপসচিব (সমন্বয়-২) | - | সদস্য |
| • উপসচিব (বাজেট/প্রশাসন-২) | - | সদস্য |
| • উপসচিব (আইন) | - | সদস্য |
| • সিনিয়র সহকারী সচিব (পরিষদ-১) | - | সদস্য |
| • প্রশাসনিক কর্মকর্তা (বাজেট/প্রশাসন-২) | - | সদস্য |
| • বাংলাদেশ এ্যাডভেঞ্চার ক্লাবের প্রতিনিধি | - | সদস্য |
| • উপসচিব (প্রশাসন-১) | - | সদস্য সচিব |

**কার্যপরিধিঃ**

ক) উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠান আয়োজন;
খ) অনুষ্ঠানস্থল পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স ও তৎসংলগ্ন এলাকা সজ্জিতকরণ;
গ) প্রয়োজনীয় সংখ্যক স্টল নির্মাণ, গেট নির্মাণ ও ব্যানার তৈরি এবং স্টল বরাদ্দের ব্যবস্থা করা;
ঘ) পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স সংলগ্ন দেয়াল ও সড়ক বিভাজক-এ ব্যানার, প্ল্যাকার্ড, পোস্টার, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে মেলা সংক্রান্ত তথ্য প্রকাশের উদ্যোগ গ্রহণ করা;
ঙ) মঞ্চ সজ্জা ও মঞ্চে ফুলের ব্যবস্থা করা;
চ) কমপ্লেক্স প্রাঙ্গন সজ্জিতকরণ, পরিচ্ছন্নতা নিশ্চিতকরণসহ অন্যান্য কাজ তদারকি;
ছ) আলোকসজ্জার ব্যবস্থা করা;
জ) উপকমিটির সভাপতি কমিটির কাজের সুবিধার্থে সদস্য কো-অপ্ট করতে পারবেন;
ঞ) কার্যপরিধিতে উল্লিখিত কাজের সাথে সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম।

**(৩) আমন্ত্রণপত্র তৈরি ও অতিথি তালিকা প্রস্তুত এবং বিতরণ উপকমিটিঃ**

| | | |
|---|---|---|
| • যুগ্মসচিব (প্রশাসন) | - | সভাপতি |
| • উপসচিব (বা:প্র:-২) | - | সদস্য |
| • সহকারী প্রোগ্রামার | - | সদস্য |
| • প্রশাসনিক কর্মকর্তা (বাজেট/প্রশাসন-২) | - | সদস্য |
| • পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের প্রতিনিধি | - | সদস্য |
| • ব্যক্তিগত কর্মকর্তা (অতিরিক্ত সচিব- সমন্বয়) | - | সদস্য |
| • প্রশাসনিক কর্মকর্তা (প্রশাসন-১) | - | সদস্য |
| • সাঁট মুদ্রা: কাম কম্পিউটার অপারেটর (প্রশাসন-১) | - | সদস্য |
| • অফিস সহ: কাম কম্পি: মুদ্রা: (বাজেট/প্রশাসন-২) | - | সদস্য |
| • অফিস সহ: কাম কম্পি: মুদ্রা: (উন্নয়ন) | - | সদস্য |
| • বাংলাদেশ এ্যাডভেঞ্চার ক্লাবের প্রতিনিধি | - | সদস্য |
| • উপসচিব (প্রশাসন-১) | - | সদস্য সচিব |

**কার্যপরিধিঃ**

ক) আমন্ত্রিত অতিথিবৃন্দের তালিকা প্রস্তুত ও চূড়ান্তকরণ;
খ) আমন্ত্রণপত্র তৈরি ও নথিতে এর অনুমোদন গ্রহণ;
গ) ক্রমিক নম্বরসহ আমন্ত্রণপত্র মুদ্রণ, নাম ঠিকানাসহ খাম ছাপানো;
ঘ) আমন্ত্রিত অতিথিবৃন্দের চূড়ান্ত তালিকা মোতাবেক আমন্ত্রণপত্র বিতরণের ব্যবস্থা করা;
ঙ) আমন্ত্রণপত্র বিতরণের পর গুরুত্বপূর্ণ কোন পদে নতুন কেউ নিয়োগপ্রাপ্ত হলে নবনিযুক্ত ব্যক্তিকেও আমন্ত্রণপত্র পাঠানো;
চ) উপকমিটির সভাপতি কমিটির কাজের সুবিধার্থে সদস্য কো-অপ্ট করতে পারবেন;
ছ) কার্যপরিধি উল্লিখিত কাজের সাথে সংশ্লিষ্ট অন্যান্য বিবিধ কার্যক্রম।

**(৪) প্রচার উপকমিটিঃ**

| | | |
|---|---|---|
| • অতিরিক্ত সচিব (সমন্বয়) | - | সভাপতি |
| • উপসচিব (পরিষদ-২) | - | সদস্য |
| • জনসংযোগ কর্মকর্তা | - | সদস্য |
| • সহকারী প্রোগ্রামার | - | সদস্য |

- আইসিটি স্পেশালিস্ট - সদস্য
- বান্দরবান পার্বত্য জেলা পরিষদের প্রতিনিধি - সদস্য
- খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের প্রতিনিধি - সদস্য
- রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের প্রতিনিধি - সদস্য
- পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের প্রতিনিধি - সদস্য
- সাঁট মুদ্রা: কাম কম্পি:অপা: (সমন্বয়-১) - সদস্য
- অফিস সহ: কাম কম্পি:মুদ্রা: (সমন্বয়-২) - সদস্য
- উপসচিব (সমন্বয়-২) - সদস্য সচিব

**কার্যপরিধিঃ**

ক) ২ ডিসেম্বর পার্বত্য শান্তি চুক্তি দিবস এবং ১১ ডিসেম্বর আন্তর্জাতিক পর্বত দিবস উপলক্ষ্যে ক্রোড়পত্র প্রকাশ এবং এ উপলক্ষ্যে বাণী ও প্রবন্ধ প্রস্তুত;

খ) পার্বত্য মেলা আয়োজনের সংবাদ প্রচারের জন্য বিটিভিতে স্ক্রল আকারে প্রচার, এসএমএস প্রচারের জন্য বিটিআরসিতে পত্র প্রেরণ, মন্ত্রণালয়ের ফেসবুক পেজে প্রচারের ব্যবস্থা করতে হবে;

গ) উপকমিটির সভাপতি কমিটির কাজের সুবিধার্থে সদস্য কো-অপ্ট করতে পারবেন;

ঘ) কার্যপরিধি উল্লিখিত কাজের সাথে সংশ্লিষ্ট অন্যান্য বিবিধ কার্যক্রম।

**(৫) সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন উপকমিটিঃ**

- অতিরিক্ত সচিব (প্রশাসন) - সভাপতি
- মুখ্য নির্বাহী কর্মকর্তা, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ - সদস্য
- উপসচিব (উন্নয়ন) - সদস্য
- উপসচিব (বাজেট/প্রশাসন-২) - সদস্য
- সিনিয়র সহকারী সচিব (সমন্বয়-১) - সদস্য
- সিনিয়র সহকারী সচিব (পরিষদ-১) - সদস্য
- সহকারী প্রোগ্রামার - সদস্য
- সাঁট মুদ্রা: কাম কম্পি:অপা: (সমন্বয়-১) - সদস্য
- সাঁট মুদ্রা:কাম কম্পি:অপা: (প্রশাসন-১) - সদস্য
- অফিস সহ: কাম কম্পি:মুদ্রা: (বাজেট/প্রশাসন-২) - সদস্য
- যুগ্মসচিব (প্রশাসন) - সদস্য সচিব

**কার্যপরিধিঃ**

ক) ০৪ (চার) দিনব্যাপী মেলায় প্রতিদিন সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের লক্ষ্যে শিল্পী আনয়নের জন্য তিন পার্বত্য জেলা পরিষদ বরাবর পত্র প্রেরণ;

খ) তিন জেলার শিল্পী একত্রে না এনে সিডিউল অনুযায়ী শিল্পী ঢাকায় আনা, আবাসনের ব্যবস্থা করা;

গ) সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশনা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান শেষে আগে আসলে আগে যাবে ভিত্তিতে তাদের পাঠানোর ব্যবস্থা করা;

ঘ) এ সংক্রান্ত যাবতীয় ব্যবস্থাপনাসহ সকল ব্যয় তিন পার্বত্য জেলা পরিষদ নির্বাহ করার ব্যবস্থা গ্রহণ করবেন;

ঙ) উপকমিটির সভাপতি কমিটির কাজের সুবিধার্থে সদস্য কো-অপ্ট করতে পারবেন;

চ) কার্যপরিধি উল্লিখিত কাজের সাথে সংশ্লিষ্ট অন্যান্য বিবিধ কার্যক্রম।

**(৬) আপ্যায়ন উপকমিটিঃ**

- অতিরিক্ত সচিব (সমন্বয়) - সভাপতি
- যুগ্মসচিব (উন্নয়ন) - সদস্য
- উপসচিব (প্রশাসন-১) - সদস্য
- সহকারী প্রোগ্রামার - সদস্য
- প্রশাসনিক কর্মকর্তা (বাজেট/প্রশাসন-২) - সদস্য
- ব্যক্তিগত কর্মকর্তা (যুগ্মসচিব- প্রশাসন) - সদস্য
- প্রশাসনিক কর্মকর্তা (উন্নয়ন) - সদস্য
- ব্যক্তিগত কর্মকর্তা (অতিরিক্ত সচিব- প্রশাসন) - সদস্য
- প্রশাসনিক কর্মকর্তা (সমন্বয়-২) - সদস্য
- সাঁট মুদ্রা:কাম কম্পি:অপা: (প্রশাসন-১) - সদস্য

- অফিস সহ:কাম কম্পি:মুদ্রা: (উন্নয়ন) - সদস্য
- যুগ্মসচিব (প্রশাসন) - সদস্য সচিব

**কার্যপরিধিঃ**

ক) ভেন্যু পরিদর্শন করে ভিআইপিদের জন্য একটি স্থান নির্দিষ্ট করতে হবে। অন্যান্যদের জন্য মিলনায়তনের সুবিধাজনক স্থানে আপ্যায়নের ব্যবস্থা করা;

খ) আপ্যায়নের মেনু নির্ধারণ ও অনুমোদন;

গ) মেনু অনুযায়ী খাবার/স্ন্যাক সংগ্রহ;

ঘ) মিলনায়তনে আপ্যায়নের জন্য প্রয়োজনীয় সংখ্যক টেবিল/চেয়ারের ব্যবস্থা করা;

ঙ) অনুষ্ঠানে আগত অতিথিদের নিরাপত্তায় নিয়োজিত এবং অনুষ্ঠান সংশ্লিষ্ট অন্যান্য সহায়ক কর্মচারীদের অনুষ্ঠান স্থলে আপ্যায়নের পৃথক ব্যবস্থা করা;

চ) উপকমিটির সভাপতি কমিটির কাজের সুবিধার্থে সদস্য কো-অপ্ট করতে পারবেন;

ছ) কার্যপরিধি উল্লিখিত কাজের সাথে সংশ্লিষ্ট অন্যান্য বিবিধ কার্যক্রম।

**(৭) বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা উপকমিটিঃ**

- অতিরিক্ত সচিব (প্রশাসন) - সভাপতি
- উপসচিব (প্রশাসন-১) - সদস্য
- উপসচিব (পরিকল্পনা-১) - সদস্য
- উপসচিব (উন্নয়ন) - সদস্য
- উপসচিব (বা:প্র:-২) - সদস্য
- হিসাব রক্ষণ কর্মকর্তা - সদস্য
- পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের প্রতিনিধি - সদস্য
- প্রশাসনিক কর্মকর্তা (বাজেট/প্রশাসন-২) - সদস্য
- প্রশাসনিক কর্মকর্তা (উন্নয়ন) - সদস্য
- ক্যাশিয়ার - সদস্য
- এ এ মং, ইউএনডিপি - সদস্য
- যুগ্মসচিব (প্রশাসন) - সদস্য সচিব

**কার্যপরিধিঃ**

ক) পার্বত্য মেলা আয়োজন সংক্রান্ত বাজেট প্রস্তুতকরণ;

খ) বাজেট বিভাজন অনুযায়ী আর্থিক ব্যবস্থাপনা;

গ) অনুষ্ঠান শেষে ব্যয় সমন্বয়;

ঘ) উপকমিটির সভাপতি কমিটির কাজের সুবিধার্থে সদস্য কো-অপ্ট করতে পারবেন;

ঙ) কার্যপরিধি উল্লিখিত কাজের সাথে সংশ্লিষ্ট অন্যান্য বিবিধ কার্যক্রম।

**(৮) সার্টিফিকেট, ক্রেস্ট ক্রয় ও বিতরণ উপকমিটিঃ**

- অতিরিক্ত সচিব (প্রশাসন) - সভাপতি
- উপসচিব (প্রশাসন-১) - সদস্য
- উপসচিব (সমন্বয়-২) - সদস্য
- উপসচিব (পরিষদ-২) - সদস্য
- উপসচিব (বাজেট/প্রশাসন-২) - সদস্য
- উপসচিব (আইন) - সদস্য
- সিনিয়র সহকারী সচিব (পরিষদ-১) - সদস্য
- প্রশাসনিক কর্মকর্তা (বাজেট/প্রশাসন-২) - সদস্য
- প্রশাসনিক কর্মকর্তা (পরিষদ-১) - সদস্য
- অফিস সহ: কাম কম্পি:মুদ্রা: (সমন্বয়-২) - সদস্য
- যুগ্মসচিব (প্রশাসন) - সদস্য সচিব

**কার্যপরিধিঃ**

ক) অনুষ্ঠানস্থলে ক্রেস্ট ও সার্টিফিকেট সজ্জিতকরণ এবং বিতরণ;

খ) ক্রেস্ট ও সার্টিফিকেট বিতরণ সংক্রান্ত আনুষাঙ্গিক কাজ;

গ) উপকমিটির সভাপতি কমিটির কাজের সুবিধার্থে সদস্য কো-অপ্ট করতে পারবেন;

ঘ) কার্যপরিধি উল্লিখিত কাজের সাথে সংশ্লিষ্ট অন্যান্য বিবিধ কার্যক্রম।

| | | | |
|---|---|---|---|
| | **(৯) আইন শৃঙ্খলা রক্ষা উপকমিটিঃ**<br>• অতিরিক্ত সচিব (প্রশাসন) — সভাপতি<br>• উপসচিব (উন্নয়ন) — সদস্য<br>• উপসচিব (পরিকল্পনা-১) — সদস্য<br>• উপসচিব (সমন্বয়-২) — সদস্য<br>• উপসচিব (বাজেট/প্রশাসন-২) — সদস্য<br>• উপসচিব (আইন) — সদস্য<br>• ডিএমপির প্রতিনিধি — সদস্য<br>• প্রশাসনিক কর্মকর্তা (বাজেট/প্রশাসন-২) — সদস্য<br>• বাংলাদেশ এ্যাডভেঞ্চার ক্লাবের প্রতিনিধি — সদস্য<br>• উপসচিব (প্রশাসন-১) — সদস্য সচিব<br>**কার্যপরিধিঃ**<br>ক) অনুষ্ঠানস্থল পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স ও তৎসংলগ্ন এলাকার সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণ;<br>খ) নিরাপত্তার ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ ফোর্স এবং নিরাপত্তার কাজে নিয়োজিত অন্যান্য সকল সদস্যের সাথে সার্বক্ষণিক যোগাযোগ নিশ্চিতকরণ;<br>গ) ইভেন্ট ম্যানেজমেন্ট কর্তৃক নিয়োজিত ভলান্টিয়ার এর কাজ ও সিসিটিভি মনিটারিং।<br>(ঘ) উপকমিটির সভাপতি কাজের সুবিধার্থে সদস্য কো-অপ্ট করতে পারবে। | | |
| ০৬। | **<u>মেলার সার্বিক ব্যবস্থাপনা ও নিরাপত্তার ব্যবস্থা সুচারুভাবে সম্পন্নকরণ:</u>** মেলার সার্বিক ব্যবস্থাপনা ও নিরাপত্তার ব্যবস্থা সুচারুভাবে সম্পন্ন করার জন্য পুলিশ কমিশনার; রমনা জোন; মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা; চেয়ারম্যান, বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরি কমিশন (বিটিআরসি); নির্বাহী প্রকৌশলী, ই-এম বিভাগ-২, পূর্ত ভবন, সেগুনবাগিচা; প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল; ব্যবস্থাপনা পরিচালক, ওয়াসা, ওয়াসা ভবন, কারওয়ান বাজার; মহা-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কাজী আলাউদ্দিন রোড, ফুলবাড়িয়া; নির্বাহী প্রকৌশলী, ই-এম বিভাগ-৫, পূর্ত ভবন, সেগুনবাগিচা; পরিচালক, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা; প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা সিটি কর্পোরেশন (দক্ষিণ), নগর ভবন; প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর); কমান্ডিং অফিসার, র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন-৩, ঢাকা এবং সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবরে পত্র প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | মেলার আয়োজন এবং সাংস্কৃতিক অনুষ্ঠানে সার্বক্ষণিক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ ও মাদকমুক্ত পরিবেশে মেলা অনুষ্ঠানসহ সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রমের জন্য পুলিশ কমিশনার, রমনা জোন মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা; চেয়ারম্যান, বাংলাদেশ টেলিকমিউনিকেশন রেগুলেটরি কমিশন (বিটিআরসি); নির্বাহী প্রকৌশলী, ই-এম বিভাগ-২, পূর্ত ভবন, সেগুনবাগিচা; প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল; ব্যবস্থাপনা পরিচালক, ওয়াসা, ওয়াসা ভবন, কারওয়ান বাজার; মহা-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কাজী আলাউদ্দিন রোড, ফুলবাড়িয়া; নির্বাহী প্রকৌশলী, ই-এম বিভাগ-৫, পূর্ত ভবন, সেগুনবাগিচা; পরিচালক, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা; প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা সিটি কর্পোরেশন (দক্ষিণ), নগর ভবন; প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর); কমান্ডিং অফিসার, র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন-৩, ঢাকা এবং সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকাসহ সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করতে হবে। | ১। যুগ্মসচিব (প্রশাসন);<br>২। উপসচিব (প্রশাসন-১) |
| ০৭। | **<u>মেলার পণ্য ঢাকায় আনা-নেয়া এবং মেলা চলাকালীন ভলান্টিয়ার নিয়োগ:</u>** মেলায় আগত তিন পার্বত্য জেলার বিভিন্ন পণ্য সঠিকভাবে ঢাকায় আনয়নের জন্য তিন পার্বত্য জেলা পরিষদ কর্তৃক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা এবং সংশ্লিষ্ট পুলিশ প্রশাসনসহ সহযোগী দপ্তরসমূহে পত্র প্রেরণ এবং মেলার কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত ভলান্টিয়ার নিয়োগ করার বিষয়ে আলোচনা হয়। বাংলাদেশ অ্যাডভেঞ্চার ক্লাব প্রয়োজনীয় সংখ্যক নারী ও পুরুষ ভলান্টিয়ার নিয়োগের ব্যবস্থা করবে। সাংস্কৃতিক অনুষ্ঠানে তিন পার্বত্য জেলা পরিষদ হতে আগত শিল্পীদের নিরাপত্তার | মেলা উপলক্ষ্যে তিন পার্বত্য জেলার বিভিন্ন পণ্য সঠিকভাবে ঢাকায় আনয়নের জন্য তিন পার্বত্য জেলা পরিষদ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে এবং সংশ্লিষ্ট পুলিশ প্রশাসনসহ সহযোগী দপ্তরসমূহসহ হাইওয়ে পুলিশকেও পত্র প্রেরণ করতে হবে। মেলার কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত ভলান্টিয়ার নিয়োগ করতে হবে। বাংলাদেশ অ্যাডভেঞ্চার ক্লাব স্থানীয়ভাবে প্রয়োজনীয় সংখ্যক নারী ও পুরুষ ভলান্টিয়ার নিয়োগ করবে। সাংস্কৃতিক অনুষ্ঠানে তিন পার্বত্য জেলা পরিষদ হতে আগত শিল্পীদের | ১। যুগ্মসচিব (প্রশাসন);<br>২। উপসচিব (প্রশাসন-১)<br>৩। মুখ্য নির্বাহী কর্মকর্তা, তিন পার্বত্য জেলা পরিষদ<br>৪। আইন-শৃঙ্খলা রক্ষা সংক্রান্ত উপকমিটির সদস্যগণ |

| | | | |
|---|---|---|---|
| | জন্য তিন পার্বত্য জেলা পরিষদ হতে অতিরিক্ত সদস্য মনোনয়ন প্রদান এবং প্রয়োজনে মহিলা পুলিশ বাহিনী অন্তর্ভুক্ত করার জন্য সভাপতি সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করেন। | নিরাপত্তার জন্য তিন পার্বত্য জেলা পরিষদ হতে অতিরিক্ত সদস্য মনোনয়ন প্রদান এবং প্রয়োজনে মহিলা পুলিশ বাহিনী অন্তর্ভুক্ত করার জন্য সংশ্লিষ্টদের পত্র প্রেরণ করতে হবে। আইন-শৃঙ্খলা রক্ষা উপকমিটি এ সংক্রান্ত বিষয়গুলো তদারকি করবে। | |
| ০৮। | **বিবিধ:** পার্বত্য মেলা আয়োজন উপলক্ষ্যে কী কী বিষয়ের প্রয়োজন হবে তার চেক লিস্ট তৈরি করার বিষয়ে আলোচনা হয়। | পার্বত্য মেলা আয়োজন উপলক্ষ্যে কী কী বিষয়ের প্রয়োজন তার একটি চেকলিস্ট তৈরি করতে হবে। | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>২। যুগ্ম সচিব (প্রশাসন);<br>৩। উপসচিব (প্রশাসন-১) |

০৯। সভায় আর কোন আলোচ্য বিষয় অবশিষ্ট না থাকায় সবাইকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
২২/১১/২০২১
(মোসাম্মৎ হামিদা বেগম)
সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

নম্বর-২৯.০০.০০০০.২১৩.২৩.০৪২.১৫-৮৪৮ তারিখঃ ২২/১১/২০২১ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।
২। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, রমনা, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান।
৫। মহাপরিচালক, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা।
৬। ভাইস চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।
৭। যুগ্মসচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। নির্বাহী পরিচালক, বাংলাদেশ তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা।
৯। উপসচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান।
১১। মন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১২। সচিবের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। সিনিয়র সহকারী সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৫। জনসংযোগ কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
১৬। নির্বাহী পরিচালক ব্র্যাক, ব্র্যাক সেন্টার, ৭৫ মহাখালী, ঢাকা-১২১২।
১৭। নির্বাহী পরিচালক, পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র, প্রধান কার্যালয়, বাড়ি নং ৫৪৮,রোড নং-১০ বাইতুল আমান হাউজিং সোসাইটি, আদাবর মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।
১৮। কান্ট্রি ডিরেক্টর, হেলেন কেলার ইন্টারন্যাশনাল বাংলাদেশ, বাড়ি নং-১০ই, সড়ক নং-৮২, গুলশান-২, ঢাকা।
১৯। ন্যাশনাল প্রজেক্ট ম্যানেজার, এসআইডি-সিএইচটি, আইডিবি ভবন (১৮ তলা) আগারগাঁও ঢাকা-১০০০।
২০। নির্বাহী পরিচালক, মানুষের জন্য ফাউন্ডেশন, বাড়ি নং-২২, রোড নং-৪, ব্লক-এফ, বনানী, ঢাকা।
২১। নির্বাহী পরিচালক, কারিতাস, ২ আউটার সার্কুলার রোড, জিপিও বক্স নং-৯৯৯, শান্তিবাগ, ঢাকা-১২১৭।
২২। FAO Representative in Bangladesh, Road No.8, House No.37, Dhanmondi, Dhaka.
২৩। ILO, Country Director in Bangladesh, IDB Bhaban, Dhaka.
২৪। পরিচালক, বাংলাদেশ এ্যাডভেঞ্চার ক্লাব, বিজয় রাকিন সিটি, ফ্লট-১/২, ব্লক ডি, মিরপুর, সেকশন-১৫, ঢাকা-১২১৬।
২৫। জনাব বাদশা ফয়সাল, পরিচালক, গরবা, রাঙ্গামাটি।
২৬। সহকারী প্রোগ্রামার/আইসিটি স্পেশালিস্ট, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

২২/১১/২০২১
(সজল কান্তি বনিক)
উপসচিব